অধ্যক্ষের কার্যালয়,
হাটহাজারী সরকারি কলেজ, চট্টগ্রাম।

তারিখ ঃ-১৯/০৮/২০২১ খ্রি.।

# বিজ্ঞপ্তি

অত্র কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী / ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষামন্ত্রণালয় কর্তৃক ১৭/০৮/২০২১ তারিখ ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের **চতুর্থ সপ্তাহের** অ্যাসাইনমেন্ট ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে শিক্ষামন্ত্রণালয় ও কলেজ ওয়েব সাইট থেকে উক্ত অ্যাসাইনমেন্ট ডাউনলোড পূর্বক A4 সাইজ কাগজে উভয় পৃষ্ঠায় উত্তর তৈরী করে নিম্নোক্ত সিডিউল অনুযায়ী পরীক্ষা কমিটি / বিষয়ভিত্তিক শিক্ষকের নিকট জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। **উল্লেখ্য যে, নোট, গাইড, ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্যের লেখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দিলে তা বাতিল বলে গণ্য হবে।** কলেজ ও মাউশি কর্তৃক প্রদত্ত কভার পেইজ যথাযথভাবে পূরণ করে প্রতি অ্যাসাইনমেন্টের উপরে কলেজের কভার পেইজ ও তার নিচে মাউশি এর কভার পেইজ সংযোগ করতে হবে। অবশ্যই সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। কোনক্রমেই স্বাস্থ্যবিধির নির্দেশনা উপেক্ষা করা যাবে না।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dshe.gov.bd এবং
হাটহাজারী সরকারি কলেজের ওয়েব সাইট www.hathazaricollege.edu.bd
থেকে প্রতি সপ্তাহের অ্যাসাইনমেন্ট ডাউনলোড করতে হবে।

**পরীক্ষা কমিটি / বিষয়ভিত্তিক শিক্ষকের নিকট অ্যাসাইনমেন্ট জমা দেয়ার সময়সূচি-**

| তারিখ | সপ্তাহ | বিভাগ | সময় |
|---|---|---|---|
| ২৬/০৮/২০২১ | **চতুর্থ** | বিজ্ঞান/মানবিক/ ব্যবসায় শিক্ষা | সকাল ১০.০০ টা থেকে ১.০০ টা |

19-08-2021

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)
হাটহাজারী সরকারি কলেজ
হাটহাজারী, চট্টগ্রাম।

(গুল মোহাম্মদ)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
হাটহাজারী সরকারি কলেজ
হাটহাজারী, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৬৮

তারিখ: ২ ভাদ্র ১৪২৮
১৭ আগস্ট ২০২১

বিষয়: **২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের জন্য এনসিটিবি কর্তৃক প্রণীত ৪র্থ সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রদান।**

সূত্র:
১. এনসিটিবি এর স্মারক নং ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০২.২১.২ তারিখ : ২৬ জুলাই ২০২১
২. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০.১৩; তারিখ : ১৩ জুন ২০২১
৩. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৯৯১; তারিখ : ২৩ জুন ২০২১
৪. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.১১২১; তারিখ : ২৬ জুলাই ২০২১ খ্রি.
৫. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৪ তারিখ : ০৯ আগস্ট ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণীত অ্যাসাইনমেন্টসমূহের মধ্যে ৪র্থ সপ্তাহের জন্য গুচ্ছ-১ এর পদার্থবিজ্ঞান/ইতিহাস/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা/ইসলাম শিক্ষা/শিশুর বিকাশ/লঘু সংগীত এবং গুচ্ছ-৩ এর রসায়ন/অর্থনীতি/পৌরনীতি ও সুশাসন/যুক্তিবিদ্যা/হিসাববিজ্ঞান/খাদ্য ও পুষ্টি/ উচ্চাঙ্গ সংগীত বিষয়ের ১৪টি অ্যাসাইনমেন্ট প্রেরণ করা হলো।
এ কার্যক্রম ১৭-০৮-২০২১ খ্রি. থেকে শুরু হবে।

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্টসমূহ প্রদান ও গ্রহণের ক্ষেত্রে কোভিড-১৯ এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথ অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
বিষয়টি অতীব জরুরি।
সংযুক্তি :
১. অ্যাসাইনমেন্ট গ্রীড
২. অ্যাসাইনমেন্টসমূহ(৪র্থ সপ্তাহের জন্য ১৪টি)